খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১।	খাদ্য মন্ত্রণালয়	০১	০১	--	--	--	০১	১২০%	--	-১৩.০৯%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০১ টি

০২। ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

নিম্নলিখিত কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়:

সমাপ্ত প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণসমূহ হচ্ছে প্রকল্প পরিচালক বদলী, সঠিক পরিকল্পনার অভাব, দুর্বল প্রকল্প ব্যবস্থাপনা। যার ফলে প্রকল্পটি মূল পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

ক্র: নং:	**সমস্যা**	**সুপারিশ**
১.	প্রকল্পের অপারেশন দক্ষতার সঙ্গে করার জন্য দক্ষ জনবলের অভাব;	প্রকল্পের অপারেশন দক্ষতার সঙ্গে করার দেশে ও বিদেশে প্রশিক্ষ ন প্রদানের মাধ্যমে দক্ষ ও স্থায়ী জনবল গড়ে তুলতে হবে;
২.	ওয়াররহাউস- সংরক্ষিত খাদ্য সমূহ'র গুণগত মান নিরুপণের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ ল্যাবরেটরি নেই;	ওয়াররহাউস- সংরক্ষিত খাদ্য সমূহ'র গুণগত মান নিরুপণের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ ল্যাবরেটরির ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.	বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি, ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী করা;	ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীর বিষয়টি পরিহার করতে হবে। ভবিষ্যতে কোন প্রকল্পে পরিচালকের বদলীর প্রয়োজনীয়তা দেখা দিলে প্রকল্প পরিচালক বদলী সংক্রান্ত কমিটির সুপারিশ/অনুমোদন ক্রমে বদলী করতে হবে;
৪.	প্রকল্প বাস্তবায়নের জন্য সার্বিক কোন কর্মপরিকল্পনা	ডিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

ক্র: নং:	সমস্যা	সুপারিশ
	না থাকা;	রাখতে হবে;
৫.	মাঠ পর্যায়ে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয়হীনতা;	প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করতে হবে;
৬.	আইএমইডি'র বিদ্যমান পরিপত্র অনুযায়ী উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ না করা;	উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ করতে হবে।

সান্তাহার সাইলোতে বহুতল গুদাম নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

০১। প্রকল্প নাম : সান্তাহার সাইলোতে বহুতল গুদাম নির্মাণ (২য় সংশোধিত)।

০২। বাস্তবায়নকারী সংস্থা : খাদ্য অধিদপ্তর

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : খাদ্য মন্ত্রণালয়

০৪। প্রকল্পের এলাকা : সান্তাহার, আদমদীঘি উপজেলা, বগুড়া।

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬৪৫৬.০০	২৩২৭১.০০	২২৯৯৩.৪৯	জানুয়ারি ২০১২ হতে জুন,২০১৪	জানুয়ারি ২০১২ হতে জুন,২০১৭	জানুয়ারি ২০১২ হতে জুন,২০১৭	-১৩.০৯%	১২০%

০৬। অংগভিত্তিক অগ্রগতিঃ পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম

৮.১ প্রকল্পের পটভূমিঃ

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে আপদকালীন সময়ে খাদ্য খাটতি মোকাবেলা, খাদ্য শস্য মজুদ/সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধি, খাদ্য-শস্যের গুনগতমান বজায় রাখা, খাদ্য শস্যের বিতরণ দক্ষতা বাড়াতে দীর্ঘস্থায়ী ও নিরাপদ খাদ্য সংরক্ষণ নিশ্চিত করার জন্য উত্তরবঙ্গ কেন্দ্রিক আলোচ্য প্রকল্পটি গ্রহন করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

(১) ঝুঁকিমুক্ত দীর্ঘস্থায়ী ও নিরাপদ খাদ্য সংরক্ষণ নিশ্চিতকরণ;

(২) গুদাম ঘাটতি ও হ্যান্ডলিং ঘাটতি কমানোর মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি;

(৩) জাতীয় খাদ্য নিরাপত্তা মজুদ গড়ে তোলা;

(৪) দ্রুতগতি সম্পন্ন বোঝাই ও খালাস (Loading Unloading) ব্যবস্থা গড়ে তোলা; এবং

(৫) খাদ্য শস্যের গুনগত মান বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণ ও অপারেশনার ব্যয় হ্রাস করা।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রম:

(১) ২৫০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি দ্বিতল গুদাম নির্মাণ;

(২) গুদামে Colling System, Dehumidifying system and Fire detecting & protecting system স্থাপন;

(৩) গুদামের সার্বিক ব্যবস্থাপনা সুচারুভাবে করার জন্য Forklift, Pallet and Monitoring Equipment সংগ্রহ;

(৪) আনুষাঙ্গিক সুবিধাদি যেমন: ১১ কেভি বৈদ্যুতিক এক্সপ্রেস লাইন, ডুয়েলগেজ রেল সংযোগ, অভ্যন্তরীন রাস্তা, অফিস ভবন, ওয়ার্কশপ, অফিসার্স কোয়ার্টার, স্টাফ কোয়ার্টার, সীমানা প্রাচীর ইত্যাদি নির্মাণ।

(৫) দ্বিতল খাদ্য গুদামের ছাদে ৩৬০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন Solar Energy Generation system স্থাপন;

০৯। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি মোট ২৬৪৫৬.০০ (জিওবি ৬২১৯.০০ ও প্রকল্প সাহায্য ২০২৩৭.০০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১২ হতে জুন ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ২৮ আগস্ট ২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারি ২০১২ হতে জুন ২০১৫ ১ (এক) বছর বৃদ্ধি করা হয়। বিভিন্ন কারণে প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৪/১০/২০১৬ তারিখে- মোট ২৩২৭১.০০ (জিওবি ৮২৩১.৩৩ ও প্রকল্প সাহায্য ১৫০৩৯.৬৭) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়			
			মোট	টাকা	প্রঃসাঃ	বাস্তব (%)
২০১১-২০১২	৪২৫.২৪	৪২৫.২৪	৪২৫.২৪	-	৪২৫.২৪	৫.০০%
২০১২-২০১৩	৩৩৭৫.০১	৮২৮১.০০	৩৩৭৫.০১	১৮৫.৫৩	৩১৮৯.৪৮	২১.০০%
২০১৩-২০১৪	৫৯০৯.৬৮	৫৯৪০.০০	৫৯০৯.৬৮	৮০০.৫৮	৫১০৯.১০	২৬.০০%
২০১৪-২০১৫	৮৫৯৬.০০	৯৪০০.০০	৮৫৯৬.৩৩	৪২১৫.৪৮	৪৩৮০.৮৫	২১.০০%
২০১৫-২০১৬	২৬৭৪.৬৫	২৮০০.০০	২৬৭৪.৮২	৯৬৯.০৭	১৭০৫.৭৫	১৭.০০%
২০১৬-২০১৭	২২৯০.৪২	২২৯০.০০	২০১২.৪১	১৭৬৮.৫২	২৪৩.৮৯	১০.০০%
মোট =	২৩২৭১.০০	-	২২৯৯৩.৪৯	৭৯৩৯.১৮	১৫০৫৪.৩১	১০০%

১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
০১.	জনাব মো: গোলাম মোস্তফা উপ সচিব	পূর্ণকালীন	-	২৪.০২.২০১৩	০৬.০৪.২০১৩
০২.	জনাব মো: গোলাম মোস্তফা যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	১২.০৪.২০১৫	৩০.০৬.২০১৭

১২। প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি ০১-০২ আগস্ট ২০১৮ তারিখ এ বিভাগের উপ-পরিচালক জনাব শেখ মোঃ আব্দুর রহমান সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহযোগিতা করেন।

১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

১৩.১ **গাড়ী সংগ্রহ:** প্রকল্পের অনুকূলে ১টি ৫ দরজা বিশিষ্ট জীপ (প্রকল্প পরিচালক) ও ১টি ডাবল কেবিন পিক-আপ (উপ-প্রকল্প পরিচালক) মোট ২টি গাড়ীর সংস্থান ছিল। এর জন্য অনুমোদিত বরাদ্দ ছিল ১১৮.০০ লক্ষ টাকা। গাড়ী দুটির অনুকূলে ক্রয়সহ আনুষাঙ্গিক মোট ব্যয় হয় ১১৭.৯৬ লক্ষ টাকা। পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্প সমাপ্তির পর

যথানিয়ম অনুসরণ করে গাড়ী ২টি সরকারি পুল বরাবর জমা প্রদান করা হয়েছে। এ অংশটি জিওবি অর্থায়নে করা হয়েছে।

১৩.২ **সরঞ্জমাদি:** ৪টি ফর্কলিফট, ৪টি গ্রেইন ময়েশ্চার মিটার, গ্রেইনের জন্য ৪টি থার্মোমিটার, ৪টি থার্মো হাইগ্রোমিটার, ২৬,০৪০টি প্লাস্টিক প্যালেটস এর সংস্থান প্রকল্পে ছিল। এ সকল সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১৮০৮.০০ লক্ষ টাকা। পরিদর্শনকালে সকল যন্ত্রপাতি কার্যরত অবস্থায় পাওয়া গেছে এবং ক্রয় বাবদ ব্যয় হয় ১৮০৭.৫৯ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় JICA'র অর্থায়নে করা হয়েছে।




চিত্রঃ প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত ফর্কলিফট, গ্রেইন ময়েশ্চার মিটার, গ্রেইনের থার্মোমিটার

১৩.৩ **অফিস ভবন নির্মাণ:** প্রকল্পের আওতায় ৩ তলা অফিস ভবন নির্মাণের সংস্থান ছিল। নীচ তলা ৩৩০ বর্গমিটার, ২য় ও ৩য় তলা ৪০০ বর্গমিটার হিসাবে মোট ১১৩০ বর্গমিটার। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ৩৩৪.৮৬ লক্ষ টাকা। পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনটি স্পেসিফিকেশন মোতাবেক নির্মাণ করা হয়েছে, তবে জলছাদ-এর ফিনিশিং কাজ ত্রুটিপূর্ণ থাকায় বর্ষাকাল শেষে কাজটি সঠিকভাবে মেরামত করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিকে নির্দেশ প্রদান করা হয়। এছাড়া অফিসে প্রবেশের দরজার কলাপ্সিবল গেট ফ্লোর লেভেলের ২ ইঞ্চি উপরে স্থাপন করায় ১টি পুরু পাপোস ব্যবহার করে দুর্ঘটনা এড়ানোর জন্য সা ইলো কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। অনুমোদিত বরাদ্দ'র বিপরীতে ব্যয় হয় ৩৩৪.৮৫ লক্ষ টাকা।এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।




চিত্রঃ প্রকল্পের অনুকূলে নির্মিত অফিস ভবন

১৩.৪ **সমস্ত সুবিধাদিসহ ওয়্যারহাউজ নির্মাণ (টার্ন কী বেসিস):** সম্পুর্ণ প্রকল্প সাহায্য অর্থাৎ JICA'র অর্থায়নে ও জাপানের ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে এই দ্বিতল খাদ্য গুদাম যা ওয়্যারহাউজ নির্মাণ করা হয়েছে। সকল প্রকার

পূর্ত কাজের ধারাবাহিকতা রেখে প্রয়োজনীয় আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ভূমিকম্পকে বিবেচনায় এনে ডিজাইন ও স্পেসিফিকেশন মোতাবেক গুদামটি নির্মাণ করা হয়। সান্তাহার বহুতল খাদ্য ভবনটিতে শস্য ধারণ ক্ষমতা ২৫,০০০০ মেঃটন, মোট কক্ষ ১৬টি (৮টি নীচে, ৮টি দ্বিতীয় তলায়), কক্ষের আকার দৈর্ঘ্য ২২.৫ মিটার, প্রস্থ ২৪ মিটার, উচ্চতা ৮.৫ মিটার। প্রতিটি কক্ষের আউটসাইড দেয়াল, দরজা ও ছাদ তাপ নিরোধক। প্রতি কক্ষে ৬টি এয়ারকুলার ও ৮টি ডি-হিউমিডিফায়ার আছে। প্রতিটি কক্ষে স্বয়ংক্রিয় অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখা আছে। নির্মাণকাজে অনুমোদিত বরাদ্দ ছিল ১১০০৬.৬৭ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় করা হয় ১১০১৩.৮৪ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় JICA'র অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত দ্বিতল খাদ্য গুদাম বা ওয়্যারহাউজ

১৩.৫ **গভীর নলকূপসহ পাম্প হাউস নির্মাণ (ওয়্যারহাউজ-এর জন্য):** প্রকল্পের অনুকূলে ওয়্যারহাউজ-এর জন্য গভীর নলকূপসহ পাম্প হাউস নির্মাণ –এর সংস্থান ছিল, পরিদর্শনকালে দেখা যায় যে কাজটির শতভাগ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে কার্যরত। নির্মাণকাজে অনুমোদিত বরাদ্দ ছিল ৮.০০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় মাত্র ২.৫৩ লক্ষ টাকা। ব্যয় সাশ্রয় হয়েছে ৫.৪৭ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ গভীর নলকূপসহ পাম্প হাউস নির্মাণ (ওয়্যারহাউজ-এর জন্য)

১৩.৬ **পানীয় জল সরবরাহ (অফিস ও কোয়াটার):** অফিস ও কোয়াটারসমূহের জন্য গভীর নলকূপসহ পাম্প হাউস নির্মাণ তথা পানীয় জল সরবরাহের সংস্থান প্রকল্পে ছিল। পরিদর্শনকালে দেখা যায় যে কাজটির শতভাগ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে কার্যরত। সামগ্রিক নির্মাণ কাজের জন্য অনুমোদিত বরাদ্দ ছিল ৪০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ৩৫.৮৩ লক্ষ টাকা। ব্যয় সাশ্রয় হয়েছে ৪.১৭ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ গভীর নলকূপসহ পাম্প হাউস নির্মাণ (পানীয় জল সরবরাহের জন্য)

১৩.৭ **হেভী ডিউটি অভ্যন্তরীন রাস্তা নির্মাণ :** প্রকল্পের আওতায় সাইলো চত্বরের জন্য হেভী ডিউটি অভ্যন্তরীন রাস্তা নির্মাণ (৪০০ মিটার x ৮ মিটার)-এর সংস্থান ছিল। পরিদর্শনকালে দেখা যায় যে কাজটির শতভাগ সম্পন্ন হয়েহে এবং বর্তমানে রাস্তাটি ব্যবহার করা হচ্ছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১২৬.০০ লক্ষ টাকা। এর বিপরীতে সমূদয় অর্থ ব্যয় হয়েছে। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ হেভী ডিউটি অভ্যন্তরীন রাস্তা

১৩.৮ **ট্রাক ইয়ার্ড নির্মাণ :** প্রকল্পের আওতায় ট্রাক ইয়ার্ড (৮৪০০ বর্গ মিটার) নির্মাণ-এর সংস্থান ছিল। পরিদর্শনকালে দেখা যায় যে কাজটির শতভাগ সম্পন্ন হয়েহে এবং বর্তমানে এটি ব্যবহার করা হচ্ছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ৩২৫.৪৭ লক্ষ টাকা। এর বিপরীতে সমূদয় অর্থ ব্যয় হয়েছে। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।




চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত **ট্রাক** ইয়ার্ড (বামে) এবং ইয়ার্ডে প্রবেশের জন্য র্যা ম্প (ডানে)

১৩.৯ **ডুয়েলগেজ রেল সংযোগ:** সান্তাহার সাইলো চত্বরে বাংলাদেশ রেলওয়ের সহায়তায় প্রকল্পের অনুমদিত ডিজাইন ও চাহিদা মোতাবেক চত্বরের বাহির হতে চত্বরের অভ্যন্তর পর্যন্ত ১.২৫ কিলোমিটার ডুয়েলগেজ রেল সংযোগ প্রদান করা হয়েছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ৯৮৭.০৪ লক্ষ টাকা। এর বিপরীতে সমূদয় অর্থ ব্যয় হয়েছে। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।




১৩.১০ **কোয়াটার নির্মাণ:** প্রকল্পের আওতায় ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য ৪ তলা ৮ ইউনিটের ১টি কোয়াটার (৩য় শ্রেনী, প্রতিটি ইউনিটের জন্য ৮০০ ব:ফু) নির্মাণ করা হয়েছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ২১৪.৫৮ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১৯৬.৭২ লক্ষ টাকা। অপরদিকে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৪ তলা ৮ ইউনিটের ১টি কোয়াটার (৪র্থ শ্রেনী প্রতিটি ইউনিট ৬০০ ব:ফুঃ) নির্মাণ করা হয়েছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১৬৭.২৩ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১৫২.৮৭ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।




চিত্রঃ সান্তাহার সাইলোতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য নির্মিত কোয়াটার

১৩. ১১ **কর্মকর্তাদের বাসভবন নির্মাণ :** প্রকল্পের আওতায় ১ম শ্রেণীর ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের জন্য ২ তলা ৪ ইউনিটের ১টি কোয়াটার (প্রতিটি ইউনিট ১০০০ ব:ফুঃ) নির্মাণ করা হয়েছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১৬১.৭৮ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয়েছে ১৪৮.২৩ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।




চিত্রঃ সান্তাহার সাইলোতে কর্মরত ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের জন্য নির্মিত কোয়াটার

১৩.১২ **সীমানা প্রাচীর নির্মাণঃ** সান্তাহার সাইলো চত্বরের চারপাশে নিরাপত্তার লক্ষ্যে অনুমোদিত ডিজাইন ও চাহিদা মোতাবেক ৯০০ রার্নিং মিটার সীমানা প্রাচীর নির্মাণ (আর.সি.সি. স্ট্রাকচারসহ ৩ মিটার উচ্চতা এবং ০.৭৬ মিটার y টাইপ কাটাতারের বেড়াসহ) করা হয়েছে। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ২২০.৫২ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১৪২.৭০ লক্ষ টাকা।এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ নির্মিত সীমানা প্রাচীর।

১৩.১৩ **মেইনটেনেন্স ওয়ার্কশপ নির্মাণ:** প্রকল্পের অনুমোদিত ডিজাইন মোতাবেক **মেইনটেনেন্স ওয়ার্কশপ নির্মাণ** (৪৫০ বর্গমিটার) নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, বেশ কিছু ছোট-খাট বৈদ্যুতিক কাজ বাস্তবায়ন সম্পন্ন না হওয়ায় মেইনটেনেন্স ওয়ার্কশপটির কার্যক্রম শুরু হয়নি। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১৩৩.২০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১০৫.৭৮ লক্ষ টাকা। টাকা।এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।



চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত মেইনটেনেন্স ওয়ার্কশপ

১৩.১৪ **বিদ্যুৎ সংযোগ:** সান্তাহার সাইলো ও নবনির্মিত ওয়্যরহাউসের জন্য নতুন ১১ কেভি বৈদ্যুতিক এক্সপ্রেস লাইন নির্মাণ, বিদ্যুত সংযোগ প্রদান এই খাতের মাধ্যমে করা হয়। বর্ণিত খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ২১৬.৮৬ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১৯৭.৬৬ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় জিওবি অর্থায়নে করা হয়েছে।
এছাড়া বৈদ্যুতিক সাবস্টেশন নির্মাণ, ১১ কেভি ট্রান্সফরমার থেকে ওয়্যরহাউসের যাবতীয় বৈদ্যুতিক কাজ এবং ২০০ কেভিএ বৈদ্যুতিক জেনারেটর স্থাপন ওয়্যারহাউস নির্মাণের সাথে জড়িত জাপানী ঠিকাদার প্রতিষ্ঠান JICA'র অর্থায়নে সম্পন্ন করে বলে পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্টগণ অবহিত করেন। বিদ্যুত সংযোগ সংশ্লিষ্ট সকল স্থানে বিপদজনক সাইন ও সিগনালের মাধ্যমে দিন ও রাতে সবসময় যাতে নিরাপত্তা নিশ্চিত করা যায় তার ব্যবস্থা রাখার ব্যাপারে পরিদর্শনকালে সাইলো সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং নিরবিচ্ছিন্ন ব্যবহারের জন্য এখন হতে পরিকল্পনা গ্রহণ করতে হবে।



চিত্রঃ প্রকল্পের আওতায় স্থাপিত ২০০ কেভিএ জেনারেটর (বামে) ও ১১ কেভি ট্রান্সফরমার (ডানে)

১৩.১৫ **সোলার সিস্টেম নির্মাণ:** প্রকল্পের আওতায় নবনির্মিত ওয়্যারহাউসের ছাদে ৩৬০ কিলোওয়াট (পিক) ক্ষমতার সৌরবিদ্যুত প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। মোট প্যানেলের সংখ্যা ১৪৪০টি। এই খাতে অনুমোদিত বরাদ্দ ছিল ১৫৯৫.০০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয় হয় ১৫৯৪.০৭ লক্ষ টাকা। এ অংশটির ব্যয় JICA'র অর্থায়নে করা হয়েছে। পরিদর্শনকালে এর ব্যবস্থাপনা সুচা রুভাবে ম্যানুয়াল মোতাবেক করার জন্য পরিদর্শনকালে সাইলো সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।



চিত্রঃ প্রকল্পের আওতায় স্থাপিত সোলার সিস্টেম

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
ঝুঁকিমুক্ত দীর্ঘস্থায়ী ও নিরাপদ খাদ্য সংরক্ষণ নিশ্চিতকরণ;	ঝুঁকিমুক্ত দীর্ঘস্থায়ী ও নিরাপদ খাদ্য সংরক্ষণ নিশ্চিত করা হচ্ছে এবং এটি একটি ধারাবাহিক বিষয়।
গুদাম ঘাটতি ও হ্যান্ডলিং ঘাটতি কমানোর মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি;	বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত জনবল দিয়ে গুদাম ঘাটতি ও হ্যান্ডলিং ঘাটতি কমানোর মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করা হয়েছে এবং এটি সাইলো ব্যবস্থাপনার সাথে জড়িতদের মাধ্যমে সময়ে সময়ে করা হচ্ছে।
জাতীয় খাদ্য নিরাপত্তা মজুদ গড়ে তোলা;	জাতীয় খাদ্য নিরাপত্তা মজুদ পরোক্ষভাবে গড়ে তোলা হচ্ছে।
দ্রুতগতি সম্পন্ন বোঝাই ও খালাস (Loading Unloading) ব্যবস্থা গড়ে তোলা; এবং	দ্রুতগতি সম্পন্ন বোঝাই ও খালাস (Loading Unloading) ব্যবস্থা গড়ে তোলা হয়েছে।
খাদ্য শস্যের গুনগত মান বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণ ও অপারেশনার ব্যয় হ্রাস করা।	খাদ্য শস্যের গুনগত মান বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণ ও অপারেশনার ব্যয় হ্রাস করা গেছে এবং বিষটি একটি চলমান প্রক্রিয়া।

১৫। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ প্রযোজ্য নয়।

১৬। বাস্তবায়ন সমস্যাঃ

১৬.১ প্রকল্পের অপারেশন দক্ষতার সঙ্গে করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ (Crucial) জনবল দ্রুত নিয়োগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দেশে ও বিদেশে প্রশিক্ষন প্রদানের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তুলতে হবে।

১৬.২ ওয়াররহাউস- সংরক্ষিত খাদ্য সমূহ'র গুণগত মান নিরুপণের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ ল্যাবরেটরি নেই;

১৬.৩ প্রকল্প বাস্তবায়নকালে তেমন কোন উল্লেখযোগ্য সমস্যা পরিলক্ষিত হয়নি।

১৭। আইএমইডি'র মতামত ও সুপারিশমালাঃ

১৭.১ প্রকল্পের অপারেশন ও মেনটেন্যান্স দক্ষতার সাথে পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ (Crucial) জনবল দ্রুত নিয়োগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দেশে ও বিদেশে প্রশিক্ষ ন প্রদানের মাধ্যমে দক্ষ ও স্থায়ী জনবল গড়ে তুলতে হবে;

১৭.২ প্রকল্পের আওতায় নির্মিত গুদামে উন্নতমানের চাল সংরক্ষণের প্রয়োজনীয় নীতিমালা গ্রহণ করা সমিচীন হবে (১২% আদ্রতার শূন্য Tollerance এর চাল);

১৭.৩ পোকার আক্রমণ রোধকল্পে স্বয়ংক্রিয় চালকল থেকে নতুন বস্তায় সরাসরি ওয়্যারহাউজে চাল সরবরাহের প্রয়োজনীয় নীতিমালা গ্রহণ করা যায়;

১৭.৪ সংগৃহীত যন্ত্রপাতির প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা স্থানীয়ভাবে গ্রহণ করা আবশ্যক;

১৭.৫ গুদাম পরিচালনার সাথে সংস্লিষ্ট জনবল-এর জন্য আলাদা পোষাক বা ড্রেসকোড থাকলে বিষয়টি আকর্ষনীয় হয়;

১৭.৬ সোলার সিস্টেমের আউটপুট মনিটরের মাধ্যমে দক্ষতা পরিমাপ করতে হবে ও সোলার সিস্টেমের প্রয়োজনীয় পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

১৭.৭ গুদাম পরিচালনা তথা নিয়মিত নিবিড় পরিবীক্ষণ (Monitoring) করার জন্য প্রকল্পের প্রত্যক সাইটে IP based CC ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা যায়।

পরিশিষ্ট –"ক"

অংগভিত্তিক অগ্রগতির ছক

ক্রমিক নং	অংগ ভিত্তিক অগ্রগতি (ডিপিপি অনুসারে)	ইউনিট	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব						
০১.	কর্মকর্তাদের বেতন	জন	৪০.৪৫	২	৩৯.৯৫	২
০২.	কর্মচারীদের বেতন	জন	২০.৪৩	৭	২০.১৩	৭
০৩.	ভাতাদি	জন	৩৪.০৯	৯	৩০.৭২	৯
০৪.	অন্যান্য ভাতাদি	থোক	৪.০০	থোক	২.৪৩	থোক
০৫.	কাস্টম, ডিউটি ও ভ্যাট লেভি	থোক	৬৯০.০০	থোক	৬৮৬.৭২	থোক
০৬.	অন্যান্য কর	থোক	৭৫০.০০	থোক	৭৩৯.০১	থোক
০৭.	ফোন বিল	সংখ্যা	১.০০	৩	০.৮৫	৩
০৮.	যানবাহন রেজিস্ট্রেশন	সংখ্যা	১.৪০	২	১.৩৭	২
০৯.	জ্বালানী ও লুব্রিকেন্ট	থোক	১২.০০	থোক	১২.০০	থোক
১০.	স্টেশনারী, সীল ও স্ট্যাম্পস	থোক	৫.০০	থোক	৪.৪০	থোক
১১.	বিজ্ঞাপন	থোক	৪.০০	থোক	২.৬৭	থোক
১২.	পরামর্শক ব্যয় (বিদেশী)	থোক	৬৩০	থোক	৬৩৮.৮১	থোক
১৩.	পরামর্শক ব্যয় (দেশী)	থোক	১১.৫০	থোক	১১.৫০	থোক
১৪.	সম্মানী ভাতা	থোক	৫.০০	থোক	৩.৯৭	থোক
১৫.	মাটি পরীক্ষা	থোক	৯.৫২	থোক	৯.৫১	থোক
১৬.	সার্ভে প্ল্যানিং, ডিজাইন	থোক	২৮.৭৫	থোক	২৬.৫৮	থোক
১৭.	অন্যান্য ব্যয়	থোক	১৩.০০	থোক	১৩.০০	থোক
১৮.	গাড়ী রক্ষণাবেক্ষণ	থোক	৬.০০	থোক	৪.৯৫	থোক
(খ) মূলধন:						
১৯.	২টি গাড়ী সরবরাহ	সংখ্যা	১১৮.০০	২	১১৭.৯৬	২
২০.	সরঞ্জমাদি	থোক	১৮০৮.০০	থোক	১৮০৭.৫৯	থোক
২১.	৩টি কম্পিউটার	সংখ্যা	৩.০০	৩	৩.০০	৩
২২.	২টি ফটোকপিয়ার	সংখ্যা	৪.০০	২	৪.০০	২
২৩.	৫ সেট ফার্নিটার আসবাবপত্র	সংখ্যা	৬.০০	৫	৬.০০	৫
(গ) নির্মাণ:						
২৪.	৩তলা অফিস ভবন নির্মাণ (৩৬০বর্গমিটারX৩)=১০৮০ বর্গমিটার	ব:মি:	৩৩৪.৮৬	১১৩০ ব:মি:	৩৩৪.৮৫	১১৩০ ব:মি:
২৫.	পাম্প হাউজ ডিপ টিউবওয়েল	থোক	৮.০০	থোক	২.৫৩	থোক

ক্রমিক নং	অংগ ভিত্তিক অগ্রগতি (ডিপিপি অনুসারে)	ইউনিট	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
২৬.	পানীয় জল সরবরাহ	থোক	৪০.০০	থোক	৩৫.৮৩	থোক
২৭.	হেভী ডিউটি অভ্যন্তরীন রাস্তা নির্মাণ (৪০০ মিটার x ৮ মিটার)		১২৬.০০		১২৬.০০	
২৮.	ট্রাক ইয়ার্ড নির্মাণ (৮৪০০ বর্গ মিটার)	ব:মি:	৩২৫.৪৭	ব:মি:	৩২৫.৪৭	ব:মি:
২৯.	ডুয়েলগেজ রেল সংযোগ	থোক	৯৮৭.০৪	থোক	৯৮৭.০৪	থোক
৩০.	কোয়াটার নির্মাণ (৩য় শ্রেনী ৭৫x২x৪ ব:মি:-মোট ৪তলা ৬০০ ব:মি☺	ব:মি:	২১৪.৫৮	ব:মি:	১৯৬.৭২	ব:মি:
৩১.	কোয়াটার নির্মাণ (৪র্থ শ্রেনী ৫৬.২৫x২x৪ ব:মি:-মোট ৪তলা ৪৫০ ব:মি)	ব:মি:	১৬৭.২৩	ব:মি:	১৫২.৮৭	ব:মি:
৩২.	সমস্ত সুবিধাদিসহ ওয়ারহাউজ নির্মাণ (টার্ন কী বেসিস)	থোক	১১০০৬.৬৭	থোক	১১০১৩.৮৪	থোক
৩৩.	ভূমি উন্নয়ন (২৫৭৭৩ কিউবিক মিটার)	কি. মি.	১০০.০০	কি.মি.	৭৪.৬৯	কি.মি.
৩৪.	প্রকল্পে পেভমেন্ট নির্মাণ	থোক	৮০.০০	থোক	৮০.০০	থোক
৩৫.	৯০০ রার্নিং মিটার সীমানা প্রাচীর নির্মাণ (আর.সি.সি. স্ট্রাকচারসহ ৩ মিটার উচ্চতা এবং ০.৭৬ মিটার y টাইপ কাটাতারের বেড়া নির্মাণ)	রা:মি:	২২০.৫২	৯০০ রা:মি:	১৪২.৭০	রা:মি:
৩৬.	মেইনটেনেন্স ওয়ার্কশপ নির্মাণ (৪৫০ বর্গমিটার)	ব:মি:	১৩৩.২০	ব:মি:	১০৫.৭৮	ব:মি:
৩৭.	২য় তলা কর্মকর্তাদের বাসভবন নির্মাণ ৪০০ বর্গমিটার	ব:মি:	১৬১.৭৮	ব:মি:	১৪৮.২৩	ব:মি:
৩৮.	বিদ্যুৎ সংযোগ	থোক	২১৬.৮৬	থোক	১৯৭.৬৬	থোক
৩৯.	সোলার সিস্টেম নির্মাণ	থোক	১৫৯৫.০০	থোক	১৫৯৪.০৭	থোক
৪০.	মূলধন খাতে সিডি ভ্যাট		৩২৯০.০০		৩২৮৮.০৬	
৪১.	ফিজিক্যাল কন্টিনজেন্সি		১৮.৬৫		০.০০	
৪২.	প্রাইজ কন্টিজেন্সি		৪০.০০		০.০০	
	সর্বমোট		**২৩২৭১.০০**		**২২৯৯৩.৪৬**	